

স্মারক নং-৩৩.০১.৬৪৪৭.০০০.০৬.০০৬.২৫-২৫ন

তারিখ: ০৪ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ।
১৯ নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ।

“নোটিশ”

এতদ্বারা মান্দা উপজেলার খামারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প’ (এলডিডিপি) এর সহযোগিতায় প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক আয়োজিত জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে আগামী ২৬ নভেম্বর, ২০২৫ খ্রি. রোজ বুধবার উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল প্রাঙ্গণে দিনব্যাপী ‘প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৫’ অনুষ্ঠিত হবে। উক্ত প্রদর্শনীতে উন্নতজাতের প্রদর্শনযোগ্য প্রাণি (গাভী, ছাগল, ভেড়া, পোল্ট্রি ইত্যাদি), প্রাণিজাত পণ্য (দুধ, দই, ছানা, পনির, আইসক্রিম ইত্যাদি), প্রাণিসম্পদ প্রযুক্তি (ইউএমএস, সাইলেজ, হে, মিক্স ক্রিম সেপারেটর, চপার মেশিন, মিক্টিং মেশিন ইত্যাদি) আনার জন্য খামারীদের অনুরোধ করা যাচ্ছে। প্রাণিসম্পদ প্রযুক্তি প্রদর্শনের পূর্বে অবশ্যই খামারীগণকে আগামী ২৩ নভেম্বর, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য খামারীগণকে এনআইডি কার্ডের ফটোকপি সাথে আনতে হবে। উল্লেখ্য যে খামারীগণের সরাসরি যোগাযোগের মাধ্যমে প্রদর্শনযোগ্য পশু-পাখি ও প্রযুক্তিসমূহ যাচাই-বাচাই পূর্বক প্রদর্শনীতে উপস্থিত নিশ্চিত করা হবে।

(ডা. মো. নূরুলহাসান)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
মান্দা, নওগাঁ
ও সদস্য-সচিব
প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৫ বাস্তবায়ন কমিটি।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

- ০১। জেলা প্রাণিসম্পদ অফিসার, নওগাঁ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ।
- ০৩। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মান্দা, নওগাঁ।
- ০৪। উপজেলা কৃষি অফিসার, মান্দা, নওগাঁ।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন অফিসার, মান্দা, নওগাঁ।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মান্দা থানা, মান্দা, নওগাঁ।
- ০৭। উপজেলা আনসার ডিডিপি অফিসার, মান্দা, নওগাঁ।
- ০৮। ভেটেরিনারি সার্জন, মান্দা, নওগাঁ।
- ০৯। প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা(এলডিডিপি), মান্দা, নওগাঁ।
- ১০। চেয়ারম্যান (সকল)..... ইউনিয়ন পরিষদ, মান্দা, নওগাঁ।
- ১১। অনলাইন নোটিশ বোর্ড।
- ১২। অফিস কপি।